দৈনিক জনকণ্ঠ

APR 24 2002

# জাবিতে ছাত্রলীগ নেতাকে মারধর করেছে ছাত্রদল ক্যাডাররা

**জাবি সংবাদদাতা** ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর ছাত্রদল ক্যাডারদের সন্ত্রাসী হামলা অব্যাহত রয়েছে। মঙ্গলবার ছাত্রলীগ নেতা ও নৃবিজ্ঞান ২৫তম ব্যাচের ছাত্র শামীমকে ছাত্রদলের ক্যাডাররা মারধর করে। এ সময় বিভাগীয় শিক্ষকরা তাকে উদ্ধার করে। পরে বিশ্ববিদ্যালয়ে সাময়িকভাবে দায়িত্বপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক মজিবর রহমান ঘটনাস্থলে এসে শামীমকে পুলিশী হেফাজতে ক্যাম্পাসের বাইরে পাঠিয়ে দেন।

চারদলীয় জোট ক্ষমতা গ্রহণের পর পরই ছাত্রদল ক্যাম্পাসে তাদের আধিপত্য প্রতিষ্ঠা করে। এর পর থেকে ছাত্রদলের সন্ত্রাসী হামলায় ছাত্রলীগের প্রায় অর্ধ শতাধিক নেতাকর্মী প্রহৃত হওয়ার ঘটনা ঘটেছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কয়েকবার সকল সংগঠনের সঙ্গে বসে সহাবস্থানের নিশ্চয়তা দিলেও ছাত্রদলের ক্যাডাররা সেকথা মানেনি। এদিকে এপ্রিলের প্রথম সপ্তাহে ছাত্রলীগের বিতাড়িত নেতাকর্মীদের হলে তোলার ব্যাপারে বর্তমানে ফেলোশিপ নিয়ে জাপানে অবস্থানরত প্রক্টর ড. এনামুল্ল্যা আশ্বাস দিলেও তা কার্যকর করা হয়নি।